বাংলাদেশ দূতাবাস
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রিদ, স্পেন
Embassy of the People's Republic of Bangladesh
Embajada de la República Popular de Bangladesh
Madrid, Spain

নং-১৯.০১.৩৪০১.২০০.৬১.০০১.২৫ ১৪ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়: 'তারুণ্যের উৎসব-২০২৫' উদযাপন উপলক্ষে মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাস কর্তৃক গৃহীত কার্যক্রমের প্রতিবেদন।

সূত্র: (ক) পররাষ্ট্র মন্ত্রণালয়ের ফ্যাক্সবার্তা নং-১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২/২৫, তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৫
(খ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের ফ্যাক্সবার্তা নং-১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২/১৮, তারিখ: ২০ নভেম্বর ২০২৪
(গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৭০.২৩.০০১.২৪-২৩৯, তারিখ: ৯ ফেব্রুয়ারি ২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারক ও ফ্যাক্সবার্তাসমূহে উল্লেখিত নির্দেশনার প্রেক্ষিতে স্পেনে 'তারুণ্যের উৎসব-২০২৫' উদযাপন উপলক্ষে মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাস কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহের উপর একটি সচিত্র প্রতিবেদন (সফটকপি সহ) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরিত হল।

২। সংযুক্ত প্রতিবেদনটিতে মান্যবর রাষ্ট্রদূত মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্তি: বর্ণনানুগ (১৭ পৃষ্ঠা)।

১৪/২/২০২৫

(দীন মুহম্মদ ইমাদুল হক)
মিনিস্টার (রাজনৈতিক) ও দূতালয় প্রধান
ফোন: +৩৪ ৯১৪০১৯৯৩২
ইমেইল: mission.madrid@mofa.gov.bd

জনাব ফাহমিদ ফারহান
পরিচালক (জনকূটনীতি)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বাংলাদেশ দূতাবাস
মাদ্রিদ, স্পেন

'তারুণ্যের উৎসব-২০২৫' উদযাপন উপলক্ষে মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাস কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহের উপর সচিত্র প্রতিবেদন

'তারুণ্যের উৎসব-২০২৫' উদযাপন উপলক্ষে মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাস কর্তৃক নিম্নোক্ত ইভেন্টসমূহ আয়োজিত হয়েছে:

ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা			অংশগ্রহণকারীর সংখ্যা			অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব
	নারী	পুরুষ	মোট	নারী	পুরুষ	মোট	
১। 'তারুণ্যের উৎসব ২০২৫ ফুটবল টুর্নামেন্ট' (মাদ্রিদ, ২৩ জানুয়ারি ২০২৫)	-	১	১	৫	১১০	১১৫	মান্যবর রাষ্ট্রদূত এবং প্রবাসী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনসমূহের নেতৃবৃন্দ, প্রবাসী ক্রীড়া সংগঠকবৃন্দ, সাংবাদিক প্রতিনিধিবৃন্দ, প্রমুখ।
২। স্পেন-প্রবাসী শিশু-কিশোরদের অংশগ্রহণে জুলাই ২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থানের উপর চিত্রাঙ্কন প্রতিযোগিতা (মাদ্রিদ, ১ ফেব্রুয়ারি ২০২৫)	১ (নারী-পুরুষ যৌথ)		১	৪০	৬০	১০০	মান্যবর রাষ্ট্রদূত, স্পেনের দুইজন নারী সংসদ সদস্য, দুইজন স্প্যানিশ রাজনৈতিক নেতা, সিভিল সোসাইটির প্রতিনিধিবৃন্দ, একজন স্প্যানিশ নারী সংগঠক এবং প্রবাসী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনসমূহের নেতৃবৃন্দ, বার্সেলোনায় নিযুক্ত বাংলাদেশের অনারারি কনসাল, কাতালোনিয়ার সোশ্যালিস্ট পার্টির একজন নেতা ও বার্সেলোনা সিটি কর্পোরেশনের কাউন্সেলর, সাংবাদিক প্রতিনিধিবৃন্দ, প্রমুখ।
৩। 'তারুণ্যের উৎসব ২০২৫' শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা (মাদ্রিদ, ১ ফেব্রুয়ারি ২০২৫)	১ (নারী-পুরুষ যৌথ)		১	৪০	৬০	১০০	
৪। স্পেনের জনপরিসরে জুলাই ২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থানের ডকুমেন্টারি প্রদর্শন (মাদ্রিদ, ১ ফেব্রুয়ারি ২০২৫ এবং বার্সেলোনা, ৭ ফেব্রুয়ারি ২০২৫)	১ (নারী-পুরুষ যৌথ)		১	৪০	৬০	১০০	
৫। 'তারুণ্যের উৎসব ২০২৫' বিজনেস সেমিনার (বার্সেলোনা, ৭ ফেব্রুয়ারি ২০২৫)	-	১	১	-	৯০	৯০	মান্যবর রাষ্ট্রদূত, বার্সেলোনায় নিযুক্ত বাংলাদেশের অনারারি কনসাল, কাতালোনিয়ার সোশ্যালিস্ট পার্টির একজন নেতা ও বার্সেলোনা সিটি কর্পোরেশনের কাউন্সেলর, বার্সেলোনাস্থ স্পেন-বাংলাদেশ বিজনেস ক্লাব ও স্পেন-বাংলাদেশ বিজনেস এ্যাসোসিয়েশনের প্রতিনিধি ও কাতালোনিয়ার প্রবাসী ব্যবসায়ী নেতৃবৃন্দ, বার্সেলোনায় প্রবাসী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনসমূহের নেতৃবৃন্দ, বার্সেলোনাস্থ প্রেসক্লাবের সাংবাদিক নেতৃবৃন্দ, প্রমুখ।
৬। জুলাই ২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থান-পরবর্তী নতুন বাংলাদেশ বিনির্মাণে 'প্রবাসী তারুণ্যের ভাবনা' শীর্ষক অনুষ্ঠান (বার্সেলোনা, ৭ ফেব্রুয়ারি ২০২৫)	-	১	১	-	৯০	৯০	

১। 'তারুণ্যের উৎসব ২০২৫ ফুটবল টুর্নামেন্ট': জুলাই গণঅভ্যুত্থানের শহীদদের প্রতি শ্রদ্ধার্ঘ্য

জুলাই-আগস্ট ২০২৪-এ ছাত্র-জনতার অভূতপূর্ব ও গৌরবময় বৈপ্লবিক গণঅভ্যুত্থানের চেতনায় নতুন বাংলাদেশ বিনির্মাণের প্রত্যয়ে মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাসের আয়োজনে ২৩ জানুয়ারি ২০২৫ তারিখে মাদ্রিদের একটি অভিজাত ও সুপরিসর স্টেডিয়ামে 'তারুণ্যের উৎসব ২০২৫ ফুটবল টুর্নামেন্ট' অনুষ্ঠিত হয়। টুর্নামেন্টে বিপুলসংখ্যক তরুণ প্রবাসী খেলোয়াড় অংশগ্রহণ করেন। টুর্নামেন্টের ৮টি টিমের নামকরণ করা হয় জুলাই ২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থানের ৮ জন শহীদের নামে: টিম শহীদ মুগ্ধ, টিম শহীদ ওয়াসিম, টিম শহীদ আবু সাঈদ, টিম শহীদ আনাস, টিম শহীদ ইয়ামিন, টিম শহীদ নাসিমা, টিম শহীদ ফাইয়াজ এবং টিম শহীদ নাফিজ। উল্লেখ্য, স্পেন-প্রবাসী একজন বাংলাদেশীর শিশুকন্যা জুলাই গণঅভ্যুত্থানে শহীদ নাসিমার নামে একটি টিমের নামকরণ করা হয়। তুমুল প্রতিযোগিতাপূর্ণ খেলায় টাইব্রেকারে টিম শহীদ ফাইয়াজ বিজয়ী হয়ে চ্যাম্পিয়নশিপ অর্জন করে। টিম শহীদ ওয়াসিম রানার্স আপ হয়। স্পেনে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ সারওয়ার মাহমুদ, *এনডিসি* বিজয়ীদের মাঝে ট্রফি ও মেডেল বিতরণ করেন। স্পোর্টস টুর্নামেন্টে দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীগণ, সর্বস্তরের বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশী এবং তাঁদের বিবিধ সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনসমূহের নেতৃবৃন্দ, ক্রীড়া সংগঠকবৃন্দ এবং সাংবাদিক প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। **(ছবিসমূহ সংযুক্ত, পৃষ্ঠা ৪-৯)**

২। জুলাই ২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থানের উপর প্রবাসী শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা

জুলাই-আগস্ট ২০২৪-এ ছাত্র-জনতার অভূতপূর্ব ও গৌরবময় বৈপ্লবিক গণঅভ্যুত্থানের চেতনায় "তারুণ্যের উৎসব ২০২৫" উদযাপন করতে মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাস "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই" থিমকে উপজীব্য করে স্পেনের প্রখ্যাত রেইনা সোফিয়া মিউজিয়ামে মাদ্রিদে ১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রবাসী শিশু-কিশোরদের অংশগ্রহণে একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করে। চিত্রাঙ্কনের বিষয়বস্তু ছিল জুলাই গণঅভ্যুত্থানের বিভিন্ন গ্রাফিতি, পোস্টার, ফ্যাসিবাদবিরোধী দেয়াললিখন, ইত্যাদি। বয়সভিত্তিক ৩টি ক্যাটাগরিতে শিশু-কিশোররা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। মান্যবর রাষ্ট্রদূত বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে স্পেনের রাজনৈতিক নেতৃবৃন্দ, সিভিল সোসাইটির প্রতিনিধিবৃন্দ, প্রবাসী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনসমূহের নেতৃবৃন্দ এবং বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশী যোগদান করেন। **(ছবিসমূহ সংযুক্ত, পৃষ্ঠা ১০-১২)**

৩। 'তারুণ্যের উৎসব ২০২৫' শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা

২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থানের শহীদদের আত্মত্যাগের স্মরণে মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাসের আয়োজনে মাদ্রিদে ১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে 'তারুণ্যের উৎসব ২০২৫' শীর্ষক একটি সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে ছাত্র-জনতার ফ্যাসিবাদবিরোধী গৌরবদীপ্ত প্রতিরোধ ও শাহাদতের বিষয়বস্তুকে অবলম্বন করে একটি নাটিকা পরিবেশিত হয়। নাটিকার একটি আবেগঘন দৃশ্যে শহীদ আবু সাঈদের শোকাতুর পিতার ভূমিকায় অভিনয় করেন স্পেন-প্রবাসীদের সামাজিক সংগঠন *ভ্যালিয়েন্তে বাংলার* সভাপতি জনাব ফজলে এলাহী। আলোচনা সভায় মান্যবর রাষ্ট্রদূত ২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থানের প্রেক্ষাপট তুলে ধরে শহীদদের স্মৃতির উদ্দেশে গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং জনআকাঙ্ক্ষার স্বপ্নের বৈষম্যহীন, সমৃদ্ধ ও মর্যাদাপূর্ণ বাংলাদেশ গড়ার কর্মযজ্ঞে প্রবাসীদেরকে এগিয়ে আসার আহ্বান জানান। আলোচনা সভায় স্প্যানিশ রাজনৈতিক নেতৃবৃন্দ এবং প্রবাসীদেড় বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনসমূহের নেতৃবৃন্দও বক্তব্য রাখেন। **(ছবিসমূহ সংযুক্ত, পৃষ্ঠা ১৩-১৪)**

৪। স্পেনের জনপরিসরে ২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থানের ডকুমেন্টারি (স্প্যানিশ সাবটাইটেলযুক্ত) প্রদর্শন

মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাসের আয়োজনে মাদ্রিদের রেইনা সোফিয়া মিউজিয়ামে ১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে এবং বার্সেলোনার একটি কমিউনিটি মিলনায়তনে ৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে জুলাই ২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থানের উপর স্প্যানিশ ভাষায় সাবটাইটেল যুক্ত করে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত ও প্রযোজিত কতিপয় ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশী, সাংবাদিক প্রতিনিধিবৃন্দ এবং স্পেনের রাজনৈতিক নেতৃবৃন্দ ও সিভিল সোসাইটির প্রতিনিধিবৃন্দ এসকল ডকুমেন্টারি প্রত্যক্ষ করেন। উল্লেখ্য, Reina Sofia মিউজিয়ামটির নামকরণ করা হয়েছে Her Majesty Queen Sofia'র নামে, যিনি মাননীয় প্রধান উপদেষ্টা নোবেল বিজয়ী মান্যবর প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস এর দীর্ঘকালীন বন্ধু ও বিশিষ্ট শুভানুধ্যায়ী। এ বছর স্পেনের সাবেক স্বৈরশাসক Francisco Franco'র মৃত্যুর ৫০ বছর পূর্তি উপলক্ষে দেশটির সরকার ফ্যাসিবাদবিরোধী ঐতিহ্যকে উদযাপন করছে। স্পেনের সাথে বাংলাদেশের চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্কের প্রেক্ষাপটে 'তারুণ্যের উৎসব ২০২৫' উদযাপন উপলক্ষে উপরোল্লিখিত ডকুমেন্টারি প্রদর্শন স্পেনের জনমানসে বাংলাদেশের ভাবমর্যাদাকে আরও সমুন্নত করেছে। **(ছবিসমূহ সংযুক্ত, পৃষ্ঠা ১৫)**

৫। 'তারুণ্যের উৎসব ২০২৫' বিজনেস সেমিনার

মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাসের আয়োজনে বার্সেলোনায় ৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে 'তারুণ্যের উৎসব ২০২৫' শীর্ষক একটি বিজনেস সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রদত্ত বক্তব্যে মান্যবর রাষ্ট্রদূত স্পেনে বাংলাদেশের রপ্তানির পরিধি ও রপ্তানিপণ্যের বৈচিত্র্য বৃদ্ধির লক্ষ্যে দুই দেশের প্রাইভেট সেক্টরসমূহের মাঝে নিবিড় সংযোগ স্থাপন, সম্ভাবনাময় খাতসমূহে তরুণ উদ্যোক্তা সৃষ্টি এবং বৈধপথে বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণের আহ্বান জানান। সেমিনারের মুখ্য আলোচক বার্সেলোনাস্থ La Caixa Bank Foundation এর প্রকল্প পরিচালক ড. নজরুল ইসলাম মাননীয় প্রধান উপদেষ্টা নোবেলবিজয়ী মান্যবর প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস এর সামাজিক ব্যবসার উদ্ভাবনী অর্থনৈতিক দর্শন এবং তাঁর তিন শূণ্যের (শূণ্য কার্বন নি:সরণ, শূণ্য বেকারত্ব ও শূণ্য দারিদ্র্য) বিশ্বজনীন পৃথিবী গড়ার রূপকল্প উপস্থাপন করেন। এছাড়া, সেমিনারে স্পেন-বাংলাদেশ চেম্বার অফ কমার্স (বিজনেস ক্লাব) এবং স্পেন-বাংলাদেশ বিজনেস এসোসিয়াশন ইন কাতালোনিয়া এর ব্যবসায়ী নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। তাঁরা বাংলাদেশ থেকে স্পেনে পণ্য আমদানির প্রক্রিয়া সহজীকরণের দাবী জানান। উল্লেখ্য, ইউরোপীয় ইউনিয়নে বাংলাদেশের ২য় বৃহত্তম রপ্তানি-গন্তব্য স্পেন। দেশটি এশিয়ায় বাংলাদেশের ৪র্থ বৃহত্তম বাণিজ্য অংশীদার। **(ছবিসমূহ সংযুক্ত, পৃষ্ঠা ১৬)**

৬। গণঅভ্যুত্থান-পরবর্তী নতুন বাংলাদেশ বিনির্মাণে 'প্রবাসী তারুণ্যের ভাবনা' শীর্ষক অনুষ্ঠান

মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাসের আয়োজনে বার্সেলোনার একটি কমিউনিটি মিলনায়তনে ৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে জুলাই ২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থান-পরবর্তী নতুন বাংলাদেশ বিনির্মাণের প্রত্যয়ে 'প্রবাসী তারুণ্যের ভাবনা' শীর্ষক একটি অনুষ্ঠান আয়োজিত হয়। গণঅভ্যুত্থানের সপক্ষে স্পেনে জনমত গঠনে দেশটিতে অবস্থানরত প্রবাসী ছাত্র-তরুণদের বিশেষ অবদান রয়েছে। এর স্বীকৃতিস্বরূপ, গণঅভ্যুত্থান চলাকালে যে সকল প্রবাসী তরুণ সংগঠক বার্সেলোনায় ফ্যাসিবাদবিরোধী ও স্বৈরাচারবিরোধী আন্দোলন-সমাবেশ আয়োজন করেছিলেন, তাঁদের একটি টিম বক্তব্য উপস্থাপন করে। তাঁদের আন্দোলনের একটি ভিডিওচিত্র অনুষ্ঠানে প্রদর্শিত হয়। তরুণ বক্তাগণ বৈষম্যহীন স্বপ্নের বাংলাদেশ বিনির্মাণের অভিলক্ষ্যে তাঁদের প্রত্যাশার কথা ব্যক্ত করেন। উল্লেখ্য, স্পেনে বাংলাদেশী প্রবাসীদের সংখ্যাগরিষ্ঠ অংশ (প্রায় ৪০%) বার্সেলোনা ও তৎসংলগ্ন অঞ্চলে বসবাস করেন। **(ছবিসমূহ সংযুক্ত, পৃষ্ঠা ১৭)**

১। 'তারুণ্যের উৎসব ২০২৫ ফুটবল টুর্নামেন্ট'






তারুণ্যের উৎসব ২০২৫






MADE IN
MEDELLIN
Chicago
23




MADE IN
MEDELLIN


FESTIVAL OF
YOUTH 2025
CREATING A NEW
BANGLADESH
Embassy of Bangladesh
Madrid, Spain


CAMPO 1
FESTIVAL OF
YOUTH 2025
CREATING A NEW
BANGLADESH
Embassy of Bangladesh
Madrid, Spain



স্পেনে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ সারওয়ার মাহমুদ, *এনডিসি* বিজয়ীদের মাঝে ট্রফি ও মেডেল বিতরণ করেন



২। জুলাইয়ের বৈপ্লবিক গণঅভ্যুত্থানের উপর স্পেন-প্রবাসী শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা





শিশু-কিশোরদের অঙ্কিত কিছু চিত্র





শিশু-কিশোরদের অঙ্কিত কিছু চিত্র





৩। 'তারুণ্যের উৎসব ২০২৫' সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা








Embajada de Bangladesh, Madrid
FESTIVAL DE LA JUVENTUD 2025


Embajada de Bangladesh, Madrid
FESTIVAL DE LA JUVENTUD 2025
তারুণ্যের উৎসব ২০২৫

৪। ২০২৪ এর বৈপ্লবিক গণঅভ্যুত্থানের ডকুমেন্টারি প্রদর্শন





৫। 'তারুণ্যের উৎসব ২০২৫' বিজনেস সেমিনার



বিজনেস সেমিনারে বক্তব্য রাখছেন বার্সেলোনার একজন তরুণ প্রবাসী উদ্যোক্তা



বিজনেস সেমিনারে বক্তব্য রাখছেন মুখ্য আলোচক ড. নজরুল ইসলাম

৬। নতুন বাংলাদেশ বিনির্মাণে 'প্রবাসী তারুণ্যের ভাবনা' শীর্ষক অনুষ্ঠান



বক্তব্য রাখছেন স্পেনে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ সারওয়ার মাহমুদ, *এনডিসি*



গণঅভ্যুত্থান চলাকালে যে সকল প্রবাসী তরুণ সংগঠক বার্সেলোনায় ফ্যাসিবাদবিরোধী ও স্বৈরাচারবিরোধী আন্দোলন-সমাবেশ আয়োজন করেছিলেন, তাঁদের টিম